



Website: www.bb.org.bd

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ডাকবাংল নং ৩২৫

ঢাকা।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার লেটার নং-০২

তারিখঃ ১৮ অগ্রহায়ণ, ১৪২১ বাং
--.....

০২ ডিসেম্বর, ২০১৪ ইং

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

পুনঃক্রয় চুক্তির(Repo) জন্য ট্রেজারি বিলের ব্যবহার এবং ট্রেজারি বিলের জন্য স্কিপের পরিবর্তে এসজিএল হিসাব আকলন ও প্রয়োজনাতিরিক্ত তারল্য বাংলাদেশ ব্যাংকের সংগে স্বল্পমেয়াদি বিনিয়োগঃ বিপরীত পুনঃক্রয় (Reverse Repo) ব্যবস্থা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ১৪.১০.২০১০ তারিখের সার্কুলার লেটার নং-ডিএমডি-০৬/২০১০-এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বাংলাদেশ ব্যাংকের সাথে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের রিভার্স রেপোর বিড দাখিল পদ্ধতি ও ফলাফল প্রকাশের সময় পুনঃনির্ধারণের প্রেক্ষিতে উল্লিখিত সার্কুলার লেটারের (খ) এবং (খ)(i)2 ও (খ)(ii) অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা যথাক্রমে নিম্নরূপে প্রতিস্থাপিত হবে :

(খ) বিপরীত পুনঃক্রয়(Reverse Repo) ব্যবস্থায় বাংলাদেশ ব্যাংকের সাথে তারল্য বিনিয়োগ ০১ দিন(ওভার নাইট)মেয়াদী হবে, তবে সাপ্তাহিক ছুটি/সরকারী ছুটির দিনে মেয়াদপূর্তির বেলায় এই মেয়াদ পরবর্তী কার্যদিবস পর্যন্ত বর্ধিত হবে। বিপরীত পুনঃক্রয়(Reverse Repo) চুক্তির বিড স্ব স্ব প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক বাংলাদেশ ব্যাংকের Market Infrastructure (MI) মডিউলে দুপুর ২:০০ ঘটিকার মধ্যে দাখিল করতে হবে। নিলামের ফলাফল MI মডিউলে একই কার্যদিবসে দুপুর ৩:০০ ঘটিকায় প্রকাশ করা হবে। সফল বিডের বিপরীতে তারল্য সংশ্লিষ্ট বিড দাতা প্রতিষ্ঠানের বাংলাদেশ ব্যাংকের সাথে পরিচালিত টাকা হিসাব বিকলন করে গৃহীত হবে, মেয়াদপূর্তিতে সুদ সমেত পরিশোধ ঐ একই হিসাবে আকলন দ্বারা সম্পাদিত হবে।


(খ)(i)2. Reverse repo bids of overnight shall be submitted by participating institutions in the market infrastructure (MI) module within 2:00 pm in every working day. Separate bids need to be submitted for each bid in case of multiple bids by a single bidder.

(খ)(ii). ২৬.০৪.২০০৩ তারিখে ইস্যুকৃত পরিপত্র নং এফআরটিএমডি(পিডিএস)-১২৭/২০০৩-৩৫৮-এর সংযোজনী-১ এর ৫ নং অনুচ্ছেদে উল্লিখিত রিভার্স রেপো ফলাফল ঘোষণার সময়সূচী সকাল ১১:০০ টার পরিবর্তে বেলা ৩:০০ টা পুনঃনির্ধারণ করা হলো।

উল্লিখিত সার্কুলার লেটারে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,


(বিষ্ণু পদ সাহা)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৩১

ইমেইলঃ bishnu.saha@bb.org.bd